তারিখ 20 MAR 1995
পৃষ্ঠা ৮ কলাম ৪

আজকের কাগজ

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স কোর্সে ভর্তি

# একটি আসনে এবার ১৭ জনের লড়াই

**শাহ নিসতার জাহান ঃ** এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতি আসনের জন্যে ১৭ জন শিক্ষার্থীর লড়াই হবে। মোট ৩ হাজার ৭শ' ৮৭ টি আসনের জন্যে জমা পড়েছে ৬৩ হাজার ৩শ' ১৩টি আবেদন। ফরম থেকে প্রাপ্ত অর্থের মূল্য ৭৯ লাখ ১৪ হাজার ১শ' ২৫ টাকা বলে বিশ্ববিদ্যালয় সূত্র থেকে জানা গেছে। গতকাল ছিলো বিভিন্ন অনুষদে ভর্তি ফরম জমা দেয়ার শেষ দিন। কলা, বিজ্ঞান বাণিজ্য ও সম্মিলিত অনুষদে এ ফরম জমা নেয়া হয়। এর মধ্যে 'ক ইউনি', বলে পরিচিত বিজ্ঞান অনুষদে আসন সংখ্যা ১ হাজার ১শ' ৫০টি, 'খ ইউনিট' বলে পরিচিত কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদে আসন সংখ্যা ১ হাজার ৫শ', 'গ ইউনিটের অধীন বাণিজ্য অনুষদে আসন সংখ্যা ৫শ' ৮০ এবং 'ঘ ইউনিটের অধীন সম্মিলিত অনুষদে আসন সংখ্যা ৫শ'৫৪টি।

এ বছর পরীক্ষাতেও কিছু পরিবর্তন আনা হয়েছে। এপর শিক্ষার্থীদের মাধ্যমিক পরীক্ষার শতকরা ৩ ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার শতকরা ৭ নম্বর ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে যোগ হবে। এবার ক, খ ও ঘ ইউনিটে ভর্তি পরীক্ষা চলবে ২ ঘন্টা এবং গ ইউনিটে ১ ঘন্টা।

মোট ৪৭টি বিভাগে এ ভর্তি পরীক্ষায় অন্যান্য যে কোনো বছরের তুলনায় বেশি প্রতিযোগিতা দেখা যাচ্ছে।

সাধারণত বিজ্ঞান অনুষদের ছাত্র-ছাত্রীরা মেডিকেল ও বুয়েটেও আবেদন করেন। ফলে এ অনুষদে প্রচুর ছাত্র-ছাত্রী আবেদন করলেও ধরে নেয়া হয়, এদের অনেকেই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবেন না। মেডিকেল ও বুয়েটে ভর্তি পরীক্ষা ইতিমধ্যে শেষ হয়ে গেছে। তবে ফল প্রকাশিত হয়নি। এজন্যে বিজ্ঞান অনুষদে ফরম জমার ভিড় দেখা গেলেও অনেকেই আশায় বুক বাঁধছেন। তবে এ বছর বিভিন্ন অনুষদে ভর্তির ফরম জমা পড়েছে অনেক বেশি। একটি সূত্র মতে, ১৯৯৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে ফরম জমা পড়েছিলো। ৪৬ হাজার ৯শ' ৬৪ টি। ১৯৯৪-এ সংখ্যাটি ৫২ হাজার অতিক্রম করে। অর্থাৎ এ দু'বছরের ফরম জমার পার্থক্য ছিলো ৪ হাজার ৭শ'র বেশি। কিন্তু ১৯৯৫-তে সংখ্যাটি বেড়ে গেছে অত্যাধিক। ১৯৯৪ সালের তুলনায় ১১ হাজারের মতো ফরম বেশি জমা পড়েছে। ইতিমধ্যে অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তির বিজ্ঞপ্তি ঘোষিত হয়েছে। ওসব বিশ্ববিদ্যালয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ফরম জমা দেয়া নেয়ার ক্ষেত্রেই সামান্যই প্রভাব ফেলে। প্রথম এবং প্রধান ভিড় তারা ঢাকা বিশ্ববিদ্যালয়েই করে। তারপর অন্যান্য বিশ্ববিদ্যালয়ে। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ে নয় এবছর প্রচুর শিক্ষার্থী (এমনকি প্রথম বিভাগ প্রাপ্তরাও) ভালো কলেজেও ভর্তি হতে পারবে না বলে অনেকের ধারণা।